



## ফয়েজ তৈয়্যবের বিরুদ্ধে দুদকের মামলার সুপারিশ



ফয়েজ আহমেদ তৈয়্যব। ছবি: সংগৃহীত

বিটিসিএলের ফাইভ-জি প্রকল্পে অনিয়ম, ক্ষমতার অপব্যবহার ও দুদকের তদন্তে হস্তক্ষেপের অভিযোগে সাবেক বিশেষ সহকারী ফয়েজ আহমেদ তৈয়্যবের বিরুদ্ধে মামলা করার সুপারিশ করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)।

দুদকের পাঁচ সদস্যের অনুসন্ধানী দলের প্রতিবেদন ইতোমধ্যে সংশ্লিষ্ট দপ্তরে জমা পড়েছে। নতুন কমিশনের অনুমোদনের পর তার বিরুদ্ধে আনুষ্ঠানিক মামলা দায়ের হতে পারে। অনুসন্ধানে সাবেক আইসিটি মন্ত্রণালয় সংশ্লিষ্ট দায়িত্ব পালনকালে তার বিরুদ্ধে নানা অনিয়ম ও বিতর্কিত সিদ্ধান্তের তথ্য পাওয়া গেছে।

‘ফাইভজি উপযোগীকরণে বিটিসিএলের অপটিক্যাল ফাইবার ট্রান্সমিশন নেটওয়ার্ক উন্নয়ন’ প্রকল্পে চুক্তি অনুযায়ী ফ্যাক্টরি ফিজিক্যাল প্রি-অ্যাকসেসপেটস টেস্ট (এফপিএটি) সম্পন্ন না হলেও ছাড়াওয়ের অনুকূলে সিদ্ধান্ত নেওয়ার চেষ্টা করা হয়। অভিযোগ রয়েছে, পরীক্ষা ছাড়াই জাহাজীকরণের নির্দেশ দেওয়া হয়েছিল, যাতে এলসির অর্থ ছাড় করা যায়। দুদকের তদন্ত চলাকালে প্রকল্প এগিয়ে নিতে বিভিন্ন দপ্তরে চিঠি পাঠানো হয় এবং সরাসরি দুদক চেয়ারম্যানের সঙ্গে যোগাযোগ করা হয়েছিল। পরে তৎকালীন দুদক সচিব খোরশেদা ইয়াসমিন স্বাক্ষরিত চিঠিতে জানানো হয়, প্রকল্পটি এভাবে চালালে আইনের ব্যত্যয় ঘটবে।

প্রতিবেদনে আরও উল্লেখ করা হয়েছে, ফয়েজ তৈয়্যবের চীন সফরের ব্যয় বহনকারী সংগঠনের সদস্য ছিল প্রকল্প সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ছাড়াওয়ে। বিষয়টিকে সম্ভাব্য স্বার্থের সংঘাত হিসেবে দেখা হচ্ছে।

এসব ঘটনায় তার বিরুদ্ধে দণ্ডবিধির ৪০৯, ৪২০ ও ৫১১ ধারাসহ দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারায় মামলা করার সুপারিশ করেছে দুদক।